

PRESS CLIP

Publication:-Anandabazar.com (<https://www.anandabazar.com/business/coronavirus-lockdown-cash-is-urgent-along-with-food-and-medicine-1.1149273>)

Date: - 14th May 2020

Page :-Online

Online panel discussion on “ COVID-19's Impact and Way Forward for India: An Economic Assessment” on 13th May organized by The Bengal Chamber

আনন্দবাজার পত্রিকা

অনলাইন সংস্করণ

- ৩১ বৈশাখ ১৪২৭, বৃহস্পতিবার ১৪ মে ২০২০ ই-পেপার

নগদ জরুরি, সেই সঙ্গে খাবার-ওষুধও



ফাইল চিত্র

শুধু নদগই নয়, **করোনা**-সঙ্কটে গরিব মানুষের কাছে সরাসরি খাবার ও ওষুধ পৌঁছে দেওয়াও জরুরি। ভারতে অসাম্য নিয়ে ফের উদ্বেগ প্রকাশ করে বুধবার বেঙ্গল চেম্বারের ভিডিও-বৈঠকে এই বার্তা দিলেন ভারতের তথা বিশ্ব ব্যাঙ্কের প্রাক্তন মুখ্য অর্থনীতিবিদ কৌশিক বসু। পাশাপাশি মাঠে ভারত থেকে বিপুল বিদেশি লগ্নি চলে যাওয়া নিয়েও সতর্কবার্তা দেন তিনি।

করোনার প্রভাব ও ভারতের ভবিষ্যৎ ছিল এ দিনের মূল আলোচ্য। কৌশিকবাবুর মতে, গরিব ও পরিশ্রমী শ্রমিকের সমস্যা ছাড়া করোনা মোকাবিলায় প্রাথমিক ভাবে ভারত যথাযথ পদক্ষেপ নিয়েছে। এ বার কী ভাবে সতর্কতা মেনে ধাপে ধাপে লকডাউন তোলা যায় তার পরিকল্পনা জরুরি। সেই সূত্রেই নগদের পাশাপাশি সরাসরি খাবার ও ওষুধ বন্টনের উপর জোর দেন তিনি।

অন্য দিকে, চিন নির্ভরতা কমাতে অনেক দেশই লগ্নির অন্য গন্তব্য খোঁজায় সেই সুযোগ নিতে আগ্রহী ভারত। কৌশিকবাবুর বক্তব্য, গত মাঠে ভারত থেকে ১৬০০ কোটি ডলারের বিদেশি লগ্নি চলে গিয়েছে ভারত থেকে। এক মাসে যা সর্বাধিক। তিনি বলেন, “বহুজাতিক সংস্থা অন্য অনেক দেশে ব্যবসা সরাচ্ছে। আমাদের সতর্ক থাকতে হবে এবং উন্নত ভবিষ্যতের জন্য সংস্কার চালিয়ে যেতে হবে।” বৈঠকে আইএসআইয়ের অর্থনীতির অধ্যাপক অভিরূপ সরকার লকডাউনের পরে গণপরিবহণে ভর্তুকির সওয়াল করেন।